

ডেভেলপমেন্ট অফ এ ডিজাইন স্ট্যান্ডার্ড ফর ইজিবাইকস ইন বাংলাদেশ

ভূমিকাঃ

সারা বাংলাদেশ জুড়ে বিগত প্রায় দুই দশক ধরে ছোট ছোট বিদ্যুৎ চালিত যান ব্যাপকভাবে চলাচল করছে যা “ইজিবাইক” নামে পরিচিত। সাধারণত ৩-চাকার এই যান বিদ্যুতের লাইন থেকে ব্যাটারি চার্জ করে তা দিয়ে বৈদ্যুতিক মটর ব্যবহার করে চলাচল করে। আনুমানিক ১০ লাখেরও বেশী ইজিবাইক স্বল্পমূল্যের যানবাহন হিসাবে নিম্নআয়ের মানুষের মধ্যে বেশ জনপ্রিয় এবং সামগ্রিকভাবে কর্মসংস্থান ও অর্থনীতিতে একটি বিশেষ ভূমিকা রাখছে। তবে দীর্ঘদিন চলাচল করলেও বড় বৈদ্যুতিক চাহিদা বিবেচনায় বাংলাদেশে কেন্দ্রীয়ভাবে যানগুলির কোন অনুমোদন বা রেজিস্ট্রেশনের ব্যবস্থা নেই। ফলে ইজিবাইক প্রস্তুত/সংযোজন/আমদানী করার কোন নীতিমালা বা ডিজাইন স্ট্যান্ডার্ড তৈরি হয়নি। এগুলির চলাচলের সংখ্যা নির্ধারণের কোন কার্যকর ব্যবস্থা না থাকায়, অনেক স্থানে ব্যাপক যানজটের কারণ হচ্ছে। ইজিবাইক চালককে লাইসেন্স প্রদানের কোন ব্যবস্থা নেই। বাংলাদেশে কয়েকটি ইজিবাইক প্রস্তুত/সংযোজনকারী কারখানা প্রতিষ্ঠিত হলেও বর্তমানে বেশির ভাগ ইজিবাইক বিদেশ থেকে যন্ত্রাংশ এনে ছোট ওয়ার্কসপে তৈরি করে নেয়া হয় এবং বড় বিনিয়োগকারীরা শিল্প স্থাপনে উৎসাহি হচ্ছে না। ফলে অনেক ক্ষেত্রেই নিম্নমানের যন্ত্রাংশ, ব্যাটারি ও নির্মাণ প্রক্রিয়া ব্যবহার হচ্ছে যা যাত্রী, চালক ও যানবাহনের সুরক্ষার জন্য বিপদজনক। ব্যাটারি বেশিরভাগ ক্ষেত্রে পরিবেশবান্ধবভাবে পুনঃপ্রক্রিয়াজাত করা হচ্ছে না। এ অবস্থার প্রেক্ষিতে বিইপিআরসি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে ইজিবাইক প্রস্তুত/সংযোজন/আমদানী করার একটি যথোপযুক্ত ডিজাইন স্ট্যান্ডার্ড নির্ধারণ করার অনুরোধ জানায়।

বাস্তবায়নকারী প্রতিষ্ঠানঃ

যন্ত্রকৌশল বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

ঢাকা-১০০০

তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

ঢাকা-১০০০

প্রকল্পের মেয়াদঃ

২ বৎসর (অক্টোবর ২০২১ হতে সেপ্টেম্বর ২০২৩)

প্রকল্পের উদ্দেশ্যঃ

বাংলাদেশের প্রেক্ষাপটে ইজিবাইক প্রস্তুত/সংযোজন/আমদানী করার একটি যথোপযুক্ত ডিজাইন স্ট্যান্ডার্ড নির্ধারণ করা।

প্রকল্পের প্রত্যাশিত ফলাফলঃ

বাংলাদেশে ইজিবাইক প্রস্তুত/সংযোজন/আমদানী করার একটি ডিজাইন স্ট্যান্ডার্ড নির্ধারিত হলে ও তার যথাযথ প্রতিপালন করা গেলে তা মানসম্মত যানবাহন নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ প্রক্রিয়া যাত্রী, চালক ও যানবাহনের অধিকতর সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি এ সম্ভাবনাময় খাতে বিনিয়োগ ও শিল্পোন্নয়নে সুস্থ প্রতিযোগিতা তৈরি করতে সাহায্য করবে।

প্রকল্পের অগ্রগতিঃ

- ১। বাংলাদেশে বর্তমানে চলমান ইজিবাইক মডেলসমূহের ব্যাপারে একটি কারিগরি সমীক্ষা চালানো।
- ২। বর্তমানে বাংলাদেশে স্থাপিত ইজিবাইক প্রস্তুতকারক ও সংযোজনকারী কারখানাগুলির ব্যাপারে একটি কারিগরি সমীক্ষা চালানো।
- ৩। বর্তমানে চলমান কিছু নির্বাচিত ইজিবাইক মডেলের রোডে ও গবেষণাগারে কারিগরি পরীক্ষা চালানো।
- ৪। বাংলাদেশে ইজিবাইক প্রস্তুত করার একটি ডিজাইন স্ট্যান্ডার্ড নির্ধারণের ব্যাপারে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময়।
- ৫। বাংলাদেশে বর্তমানে চলমান ইজিবাইক মডেলসমূহের ব্যাপারে একটি অন্তর্বর্তীকালীন ডিজাইন স্ট্যান্ডার্ড নির্ধারণ।
- ৬। বাংলাদেশে নতুন ইজিবাইক প্রস্তুত/সংযোজন/আমদানী করার একটি যথোপযুক্ত ডিজাইন স্ট্যান্ডার্ড নিধারণ।
- ৭। নতুন ডিজাইন স্ট্যান্ডার্ড অনুযায়ী ইজিবাইক তৈরি করে তা রোডে ও গবেষণাগারে কারিগরি পরীক্ষা চালানো এবং স্টেকহোল্ডারদের কাছে তা প্রদর্শন করা।

প্রকল্পের রোডম্যাপঃ

